"সত্যের সন্ধানে অবিচল"

নোয়াখালী খবর এক্সপ্রেস

NOAKHALI KHABAR EXPRESS

Noakhali Khabar Express

অনলাইন দৈনিক ই-পেপার | NOV | রবিবার, ৮ নভেম্বর ২০২৬ | বর্ষ:-১,সংখ্যা :-৬ | www.noakhalikhabarexpress.com



নোবিপ্রবির ১.৩৩ একর জমি বেদখলে,অনিশ্চয়তা স্কুল প্রকল্প

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) অধিগ্রহণ করা ১ দশমিক ৩৩ একর জমি দীর্ঘদিন ধরে বেদখলে রয়েছে। এতে বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ প্রকল্প বাস্তবায়ন নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে।
প্রকাশিত তথ্য অনুযায়ী, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ২০০৩-০৪ সালে ১০০ একর জমি অধিগ্রহণ করা হয়। পরবর্তী সময়ে ২০১৭ সালের ১৯ জানুয়ারি সরকারি গেজেটের মাধ্যমে জমি বিশ্ববিদ্যালয়ের নামে প্রকাশিত হয়।
তবে অধিগ্রহণ করা জমির মধ্যে সল্লা মৌজার ৭৬ নম্বর দাগে বিশ্ববিদ্যালয়ের ভিআইপি গেস্ট হাউস সংলগ্ন ১ দশমিক ৩৩ একর জমি এখনো বিশ্ববিদ্যালয়ের দখলে আসেনি।
প্রায় ৮ কোটি ৭৩ লাখ ৫০ হাজার টাকা ব্যয়ে ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। কিন্তু জমি বুঝে না পাওয়ায় প্রকল্পের কার্যক্রম শুরু নিয়ে জটিলতা দেখা দিয়েছে।
বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও সংশ্লিষ্টদের প্রত্যাশা, দ্রুত জমি উদ্ধার করে শিক্ষাপ্রতিষ্ঠানটির নির্মাণকাজ শুরু করা হবে।



নোয়াখালী মাইজদী পার্ক পরিদর্শন করলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব

নোয়াখালীর মাইজদী পার্ক পরিদর্শন করেছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. কামরুজ্জামান চৌধুরী।
শুক্রবার (৬ নভেম্বর) তিনি পার্কটি পরিদর্শন করেন। এ সময় পার্কের সার্বিক পরিবেশ, সৌন্দর্যবর্ধন এবং উন্নয়ন কার্যক্রম সম্পর্কে খোঁজখবর নেন।
পরিদর্শনকালে উপস্থিত ছিলেন নোয়াখালীর জেলা প্রশাসক মুহাম্মদ শফিকুল ইসলাম, নোয়াখালী পৌরসভার প্রশাসক ডা. মো. শেখ ছাদেক, পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আলাউদ্দীন ভূঞা জনী, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তৈয়ব মো. আরিফ হোসেনসহ জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তারা।
মাইজদী পার্কের পরিবেশ ও উন্নয়ন কার্যক্রম আরও সুন্দর ও জনবান্ধব করার বিষয়ে সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা হয়।



সৌদি আরব ভয়াবহ সড়ক দুর্ঘটনায় ৭ বাংলাদেশী নিহত,আহত ৬

সৌদি আরবে পবিত্র ওমরাহ পালন শেষে ফেরার পথে ভয়াবহ সড়ক দুর্ঘটনায় সাত বাংলাদেশি নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও ছয়জন।
শনিবার (৭ নভেম্বর) ভোরে জেদ্দা-মদিনা মহাসড়কের আল-হিমনা এলাকায় যাত্রীবাহী একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে পেলে এ দুর্ঘটনা ঘটে।
বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দার প্রাথমিক প্রতিবেদনের বরাত দিয়ে জানা যায়, গাড়িটিতে তিনটি পরিবারের মোট ১৩ জন বাংলাদেশি ছিলেন। নিহতদের মধ্যে দুটি পরিবারের ছয়জন সদস্য রয়েছেন।
নিহতদের মধ্যে জিয়াউর রহমান ও তাঁর তিন সন্তান এবং অন্য একটি পরিবারের মা-মেয়ে রয়েছেন। এ ছাড়া আফসানা বিবি নামে আরও এক নারী নিহত হয়েছেন।
আহতদের স্থানীয় বিভিন্ন হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। দুর্ঘটনার প্রকৃত কারণ জানতে সৌদি কর্তৃপক্ষ তদন্ত করছে।
এ মর্মান্তিক ঘটনায় নিহতদের পরিবার ও স্বজনদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে।

নোয়াখালীতে নতুন ট্রাফিক কার্যালয়ের উদ্বোধন



নোয়াখালীতে নতুন ট্রাফিক কার্যালয়ের উদ্বোধন, সম্মাননা পেলেন স্বেচ্ছাসেবকরা
নোয়াখালীতে ট্রাফিক ব্যবস্থাপনার উন্নয়ন ও সড়কে শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে নতুন স্থানে স্থানান্তরিত ট্রাফিক কার্যালয়ের উদ্বোধন করা হয়েছে।
বুধবার (৪ নভেম্বর) সকাল ১০টায় নোয়াখালী ট্রাফিক বিভাগের আয়োজনে নতুন কার্যালয়ের আনুষ্ঠানিক উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার এন এম নাসিরুদ্দিন।
উদ্বোধন শেষে ট্রাফিক আইন, সড়ক ব্যবহার ও নিরাপদ সড়ক নিশ্চিত করতে জনসচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
সভায় পুলিশ সুপার বলেন, সড়কে শৃঙ্খলা বজায় রাখা এবং দুর্ঘটনা প্রতিরোধে ট্রাফিক আইন মেনে চলার বিকল্প নেই। এ ক্ষেত্রে চালক, যাত্রী ও পথচারীসহ সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।
অনুষ্ঠানে শারদীয় দুর্গোৎসব চলাকালে যানজট নিরসন ও সড়কে শৃঙ্খলা রক্ষায় অবদান রাখায় স্বেচ্ছাসেবকদের অভিনন্দনপত্র ও সম্মাননা প্রদান করা হয়।
এ সময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তৈয়ব মো. আরিফ হোসেনসহ ট্রাফিক বিভাগের কর্মকর্তা, সদস্য ও সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।



গাজীপুরে পোশাক শ্রমিকদের বিক্ষোভে ১২ মামলা,গ্রেপ্তার ৭০

গাজীপুরের শিল্পাঞ্চলে পোশাকশ্রমিকদের বিক্ষোভ, সড়ক অবরোধ ও সংঘর্ষের ঘটনায় ১২টি মামলা করেছে পুলিশ। এসব মামলায় পাঁচ হাজারের বেশি ব্যক্তিকে আসামি করা হয়েছে। এখন পর্যন্ত গ্রেপ্তার হয়েছেন ৭০ জন।
রোববার (৮ নভেম্বর) প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।
পুলিশের তথ্য অনুযায়ী, শিল্প পুলিশের পক্ষ থেকে তিনটি মামলা করা হয়েছে। এসব মামলায় গ্রেপ্তার হয়েছেন ২৮ জন। অন্যদিকে গাজীপুর মহানগর পুলিশের (জিএমপি) বিভিন্ন থানায় করা নয়টি মামলায় গ্রেপ্তার হয়েছেন আরও ৪২ জন। গ্রেপ্তার ব্যক্তিদের পরিচয় ও ঘটনার সঙ্গে সংশ্লিষ্টতা যাচাই করা হচ্ছে।
গত ১ নভেম্বর ন্যূনতম মাসিক মজুরি ৩০ হাজার টাকা করার দাবিতে কোনাবাড়ী এলাকায় ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন পোশাকশ্রমিকরা। এ সময় পুলিশের সঙ্গে সংঘর্ষ, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। পরে আন্দোলন ছড়িয়ে পড়ে গাজীপুরের বিভিন্ন শিল্প এলাকায়।
এদিকে আন্দোলনের সময় ভিডিও ধারণ করতে গিয়ে হামলার শিকার হয়ে নিহত পোশাকশ্রমিক তৌফিক শেখের মৃত্যুর ঘটনায় এখনো কোনো মামলা হয়নি। পুলিশ জানিয়েছে, পরিবারের পক্ষ থেকে অভিযোগ না পাওয়ায় মামলা হয়নি। তবে হামলায় জড়িতদের শনাক্তে কাজ চলছে।
প্রায় এক সপ্তাহের উত্তেজনার পর গাজীপুরের শিল্পাঞ্চলে পরিস্থিতি স্বাভাবিক হতে শুরু করেছে। মহাসড়কে যান চলাচলও স্বাভাবিক রয়েছে।



তরুণ উদ্যোক্তাদের জন্য ২০ লাখ টাকা পর্যন্ত সহয়তা বাংলাদেশ ব্যাংক

তৃণমূল পর্যায় থেকে সম্ভাবনাময় তরুণ উদ্যোক্তা তৈরি এবং নতুন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিশেষ উদ্যোগ নিয়েছে বাংলাদেশ ব্যাংক।
'উদ্যোগ' নামের এ কর্মসূচির আওতায় নির্বাচিত একজন তরুণ উদ্যোক্তাকে সর্বোচ্চ ২০ লাখ টাকা পর্যন্ত সহায়তা দেওয়া হবে। এর মধ্যে সর্বোচ্চ ১০ লাখ টাকা ঋণ এবং বাকি ১০ লাখ টাকা অনুদান হিসেবে দেওয়ার পরিকল্পনা রয়েছে।
কর্মসূচির অংশ হিসেবে দেশের বিভিন্ন জেলায় তরুণ উদ্যোক্তাদের ব্যবসায়িক পরিকল্পনা, উদ্যোগের সম্ভাবনা ও বাস্তবায়ন সক্ষমতা যাচাই করে নির্বাচিত করা হচ্ছে।
বাংলাদেশ ব্যাংকের এ উদ্যোগের মাধ্যমে নতুন উদ্যোক্তা তৈরি, কর্মসংস্থান বৃদ্ধি এবং স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্য নেওয়া হয়েছে।



নোয়াখালী পৌরসভায় ডেঙ্গু প্রতিরোধ পরিচ্ছন্নতা অভিযান

নোয়াখালীতে ডেঙ্গুর বিস্তার রোধ এবং জনসচেতনতা বাড়াতে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করেছে নোয়াখালী পৌরসভা।
শনিবার (৭ নভেম্বর) সকালে পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের উত্তর সোনাপুর এলাকায় এ কার্যক্রম পরিচালিত হয়। পৌর কবরস্থান, জেলা পরিষদ, পানি উন্নয়ন বোর্ডসহ আশপাশের বিভিন্ন স্থানে পরিচ্ছন্নতা অভিযান চালানো হয়।
অভিযানে নেতৃত্ব দেন নোয়াখালী পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আলাউদ্দীন ভূঞা জনী। এ সময় পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।
অভিযানের অংশ হিসেবে এডিস মশার সম্ভাব্য প্রজননস্থল চিহ্নিত ও ধ্বংস করা, জমে থাকা পানি এবং আবর্জনা পরিষ্কারের ওপর গুরুত্ব দেওয়া হয়।
পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, সীমিত জনবল নিয়েও ডেঙ্গু প্রতিরোধে কাজ করছে পৌরসভা। তবে এ কার্যক্রম সফল করতে নাগরিকদেরও নিজ নিজ বাড়িঘর ও আশপাশ পরিষ্কার রাখতে হবে।
ডেঙ্গু প্রতিরোধে সরকারি উদ্যোগের পাশাপাশি জনসাধারণের সচেতনতা ও অংশগ্রহণ জরুরি বলে মনে করছেন সংশ্লিষ্টরা।



চাপরাশিহাটের এইচএসসি ও আলিম উত্তীর্ণ কৃতি শিক্ষার্থীদের সসংবর্ধনা

নোয়াখালীর কবিরহাট উপজেলার চাপরাশিরহাটে এইচএসসি ও আলিম পরীক্ষায় উত্তীর্ণ কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়েছে।
শুক্রবার (৬ নভেম্বর) সকাল ১০টায় চাপরাশিরহাট ইসমাইল ডিগ্রি কলেজ অডিটোরিয়ামে গ্র্যাজুয়েটস সোসাইটি, চাপরাশিরহাট জোনের উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
'ঐক্য, শিক্ষা ও সামাজিক উন্নয়নে আমরা একসাথে' স্লোগানকে সামনে রেখে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি, উৎসাহ প্রদান এবং উচ্চশিক্ষা ও ক্যারিয়ার বিষয়ে দিকনির্দেশনা দেওয়া হয়।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি অ্যাডভোকেট মিজানুর রহমান। সঞ্চালনা করেন সাংগঠনিক সম্পাদক আরেফিন রবিন।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ও প্রক্টর ড. ফখরুদ্দিন।
এ ছাড়া বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষাবিদ, আইনজীবী, বিসিএস কর্মকর্তা, সাংবাদিক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।
আয়োজকরা জানান, শিক্ষার্থীদের উচ্চশিক্ষায় উৎসাহিত করা এবং ভবিষ্যৎ জীবনের সঠিক দিকনির্দেশনা দেওয়াই এ আয়োজনের মূল উদ্দেশ্য।

"সত্যের সন্ধানে অবিচল"

নোয়াখালী খবর এক্সপ্রেস

NOAKHALI KHABAR EXPRESS

Noakhali Khabar Express

নোয়াখালী

অনলাইন দৈনিক ই-পেপার | দ্বিতীয় পাতা, রবিবার, ৮ নভেম্বর ২০২৬ | www.noakhalikhabarexpress.com



শ্রীলঙ্কাকে ৪৫ রানে হারিয়ে সেমিফাইনালের আশা বাঁচলো বাংলাদেশ

অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপ ক্রিকেটে শ্রীলঙ্কাকে ৪৫ রানে হারিয়ে সেমিফাইনালে খেলার আশা বাঁচিয়ে রেখেছে বাংলাদেশ।
শনিবার (৭ নভেম্বর) ওমানের আল আমেরাত ক্রিকেট গ্রাউন্ডে অনুষ্ঠিত গ্রুপ পর্বের ম্যাচে প্রথমে ব্যাট করে বাংলাদেশ ৪৯.৪ ওভারে সবকটি উইকেট হারিয়ে ২৪৫ রান সংগ্রহ করে।
বাংলাদেশের হয়ে আহসান আল মুমিন ৯৮ বলে ৮২ রান এবং ওপেনার এসকে জারিফ সিয়াম ৫৯ রান করেন।
জবাবে ব্যাট করতে নেমে শ্রীলঙ্কা ৪৬.১ ওভারে ২০০ রানে অলআউট হয়ে যায়। ফলে ৪৫ রানের জয় পায় বাংলাদেশ।
বাংলাদেশের বোলারদের মধ্যে তাফিউল আলম তামিম, শেখ আতীকুর রহমান, রুবায় ইসলাম রিজন ও রবিউল হাসান অনিক দুটি করে উইকেট শিকার করেন।
এই জয়ের ফলে গ্রুপ পর্বে বাংলাদেশের সেমিফাইনালে ওঠার সম্ভাবনা টিকে রয়েছে। পরবর্তী ম্যাচে মালয়েশিয়ার মুখোমুখি হবে বাংলাদেশ।



দ্বিতীয়বারের মতো এমএলএস গোল্ডেন বুট জিতলেন লিওনেল মেসি

আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী অধিনায়ক লিওনেল মেসি আবারও নিজের শ্রেষ্ঠত্বের প্রমাণ দিলেন। দ্বিতীয়বারের মতো মেজর লিগ সকারের (এমএলএস) গোল্ডেন বুট জিতেছেন ইন্টার মায়ামির এই তারকা ফুটবলার।
যুক্তরাষ্ট্রের শীর্ষ ফুটবল প্রতিযোগিতা এমএলএসে ধারাবাহিক গোল করার অসাধারণ পারফরম্যান্সের স্বীকৃতিস্বরূপ এ পুরস্কার পেয়েছেন তিনি।
এর মাধ্যমে যুক্তরাষ্ট্রের ফুটবলে নিজের অবস্থান আরও শক্তিশালী করলেন আটবারের ব্যালন ডি'অরজয়ী এই তারকা।
মেসির এ অর্জনে বিশ্বজুড়ে তাঁর ভক্ত-সমর্থকদের মধ্যে আনন্দের সৃষ্টি হয়েছে।

🌐 VISIT:
noakhalikhabarexpress.com
📘 FOLLOW:
noakhalikhabarexpressbd
▶️ SUBSCRIBE:
@noakhalikhabarexpress



সাতকানিয়া শিক্ষা সফরের বাস পুকুরে, নিহত ২

চট্টগ্রামের সাতকানিয়ায় নিয়ন্ত্রণ হারিয়ে শিক্ষাসফরের একটি বাস সড়কের পাশের পুকুরে পড়ে শিক্ষিকাসহ দুজন নিহত হয়েছেন। এ ঘটনায় অন্তত ৩০ জন আহত হয়েছেন।
শনিবার (৭ নভেম্বর) ভোর ৪টার দিকে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের সাতকানিয়া উপজেলার কেরানীহাট রেলক্রসিং-সংলগ্ন রেলবিট এলাকায় এ দুর্ঘটনা ঘটে।
নিহতরা হলেন কুমিল্লার বুড়িচং উপজেলার বাকশিমুল সুন্নিয়া ইসলামিয়া সিনিয়র মাদ্রাসার শিক্ষিকা সোহানা আফরোজ (৪৫) এবং আরেক শিক্ষিকার স্বামী সাখাওয়াত হোসেন ইস্রাফিল (৫৬)।
জানা যায়, মাদ্রাসার শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকেরা দুটি বাসে করে কক্সবাজারে শিক্ষাসফরে যাচ্ছিলেন। পথে পেছনের বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে পুকুরে পড়ে যায়। এতে ঘটনাস্থলেই দুজনের মৃত্যু হয়। আহতদের উদ্ধার করে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালসহ স্থানীয় বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে।
দোহাজারী হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, চালকের চোখে ঘুম থাকায় দুর্ঘটনাটি ঘটেছে। দুর্ঘটনার পর চালক পালিয়ে গেছেন।
পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা স্থানীয়দের সহায়তায় উদ্ধারকাজ পরিচালনা করেন। দুর্ঘটনাকবলিত বাসটি উদ্ধার করে থানা হেফাজতে নেওয়া হয়েছে।



৬০ বছর পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে হচ্ছে টিএসসি, ব্যয় ৪৯ টাকা

প্রতিষ্ঠার ৬০ বছর পর প্রথমবারের মতো চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) ক্যাম্পাসে নির্মিত হতে যাচ্ছে ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি)। এ প্রকল্পে ব্যয় ধরা হয়েছে ৪৯ কোটি ৩০ লাখ টাকা।
বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারের পাশে পাঁচতলা ভবনটি নির্মাণের পরিকল্পনা করা হয়েছে। প্রকল্পটি বর্তমানে চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে।
প্রস্তাবিত টিএসসিতে থাকবে একাডেমিক বই ও গবেষণাসামগ্রীর দোকান, ডিজিটাল লাইব্রেরি, পাঠকক্ষ, ক্যাফেটেরিয়া, রেস্তোরাঁ, সেমিনার হল, প্রিন্টিং ও ফটোকপি সেবা। পাশাপাশি নামাজের কক্ষ, মাতৃদুগ্ধ পান করানোর কক্ষ এবং প্রতিবন্ধীবান্ধব চলাচলের ব্যবস্থাও রাখা হবে।
প্রকল্পটি বাস্তবায়িত হলে প্রতিদিন প্রায় দুই হাজার শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক এখান থেকে সেবা পাবেন বলে আশা করা হচ্ছে। ২০২৯ সালের ৩০ জুনের মধ্যে নির্মাণকাজ শেষ করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আশা, টিএসসি নির্মিত হলে শিক্ষক-শিক্ষার্থীদের একাডেমিক, গবেষণা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের সুযোগ বাড়বে।
তথ্যসূত্র: দ্য বিজনেস স্ট্যান্ডার্ড



টানা ৪ দিন বৃষ্টির সম্ভবনা,চট্টগ্রাম বিভাগেও সর্তকতা

দেশের বিভিন্ন অঞ্চলে আগামী চার দিন বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এ সময় চট্টগ্রাম বিভাগের বিভিন্ন এলাকায় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর।
শনিবার (৭ নভেম্বর) সন্ধ্যায় আবহাওয়া অধিদপ্তরের দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়।
পূর্বাভাস অনুযায়ী, রোববার (৮ নভেম্বর) সন্ধ্যা পর্যন্ত চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সোমবার (৯ নভেম্বর) চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। একই সময়ে দেশের আরও কয়েকটি বিভাগেও বৃষ্টি হতে পারে।
মঙ্গলবার (১০ নভেম্বর) চট্টগ্রাম ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় এবং বুধবার (১১ নভেম্বর) চট্টগ্রাম ও বরিশালসহ কয়েকটি বিভাগে বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।
আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, বৃষ্টির পাশাপাশি কোথাও কোথাও তাপমাত্রার পরিবর্তন হতে পারে। বিশেষ করে ৯ নভেম্বর দিনের তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রি সেলসিয়াস কমতে পারে।
তবে দেশের অধিকাংশ এলাকায় আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে বলে পূর্বাভাসে উল্লেখ করা হয়েছে।
তথ্যসূত্র: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর



অক্টোবরে নিত্যপণ্যের দাম বেড়েছে ৪.৩৯ শতাংশ

সদ্য সমাপ্ত অক্টোবর মাসে দেশে ১৫ ধরনের নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম গড়ে ৪ দশমিক ৩৯ শতাংশ বেড়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি বেড়েছে মাছের দাম। কনজুমারস ফোরামের সেপ্টেম্বর ও অক্টোবর মাসের বাজার পর্যবেক্ষণে এ তথ্য উঠে এসেছে।
প্রতিবেদন অনুযায়ী, অক্টোবর মাসে মাছের দাম গড়ে ১১ দশমিক ৭২ শতাংশ বেড়েছে। মসলার দাম বেড়েছে ১০ দশমিক ৩০ শতাংশ। পেঁয়াজ, রসুন ও আদার দাম বেড়েছে ৭ দশমিক ৭৯ শতাংশ। এ ছাড়া জ্বালানি তেল ৬ দশমিক ০২ শতাংশ, চিনি ৪ দশমিক ৯৩ শতাংশ, ভোজ্য তেল ও ডালডা ৪ দশমিক ৮০ শতাংশ এবং চালের দাম ২ দশমিক ৬২ শতাংশ বেড়েছে।
অন্যদিকে, সাত ধরনের পণ্যের দাম স্থিতিশীল ছিল। শাকসবজির দাম কমেছে ৩ দশমিক ১২ শতাংশ এবং সোনা-রুপার দাম কমেছে ৪ দশমিক ৭৭ শতাংশ।
কনজুমারস ফোরামের হিসাবে, সেপ্টেম্বর মাসে নিত্যপণ্যের দাম বেড়েছিল ৩ দশমিক ১৩ শতাংশ। দুই মাসে মোট মূল্যবৃদ্ধির হার দাঁড়িয়েছে ৭ দশমিক ৫২ শতাংশ।
ভোক্তা সংগঠনটি বাজার মনিটরিং জোরদার এবং নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে কার্যকর ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়েছে।



সত্যের পথে
কলমে: Noakhali Khabar Express
সত্য কথা বলব মোরা,
মিথ্যার কাছে নয়,
ন্যায়ের পথে চলতে গেলে
ভয় কিসের আর হয়?
কলম হবে শক্তি মোদের,
সত্য হবে আলো,
অন্যায়ের বিরুদ্ধে মোরা
লড়ব সকাল-বিকাল।
দেশের কথা, মানুষের কথা,
লিখব নির্ভীক ভাষায়,
সত্যের সন্ধানে অবিচল
থাকব মোরা আশায়।
মানুষ মানুষের পাশে থাকুক,
ভালোবাসা হোক জয়,
সত্য আর ন্যায়ের পথেই
আগামীর বাংলাদেশময়।